দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 APR 1998 ...
পৃষ্ঠা 7 কলাম 4



ইনকিলাব ঃ গতকাল এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা চলাকালে মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রে একটি পরীক্ষা হলের দৃশ্য

### ইংরেজী প্রথম পত্রের পরীক্ষায় ৩ সহস্রাধিক বহিষ্কৃত

# নজিরবিহীন নকলের মধ্যে এসএসসি প্রথম দিনের পরীক্ষা অনুষ্ঠিত

**স্টাফ রিপোর্টার** ঃ নজিরবিহীন নকলের মধ্য দিয়ে গতকাল দেশের ৫ বোর্ডের অধীনে এসএসসি ইংরেজী প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ৫ বোর্ডের অধিকাংশ কেন্দ্রের নকলের তথ্য বোর্ড কন্ট্রোলরুমসমূহ সরবরাহ করতে পারেনি। প্রাপ্ত তথ্যের অধিকাংশ ক্ষেত্রেই মাত্র সকালের নতুন সিলেবাসের ইংরেজী পরীক্ষা অন্তর্ভুক্ত ছিল। বিকেলের পুরনো সিলেবাসের ইংরেজী পরীক্ষার তথ্য ছিল না বললেই চলে। বোর্ড অফিসসমূহের এবং মফস্বল সংবাদদাতাদের কাছ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৫ বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৩ সহস্রাধিক পরীক্ষার্থীকে নকল করার অভিযোগে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হয়। রাজশাহী বোর্ডের পরীক্ষায় নকলের হিড়িক পড়ে যায়। নকলের জন্য রাজশাহীতে টেকনিক হ্যান্ডনোট নামে ৫×৬ ইঞ্চি সাইজের বিশেষ হ্যান্ড নোট বাজারে ছাড়া হয়। পরীক্ষা চলাকালে সিরাজগঞ্জে একজন ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত, নীলফামারীতে একজন শিক্ষক গ্রেফতার এবং যশোরে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত দাখিল পরীক্ষা সম্পর্কে জানার জন্যে মাদ্রাসা বোর্ডের কন্ট্রোল রুমে যোগাযোগ করে কাউকে পাওয়া যায়নি।

তবে কোন কোন জেলা থেকে আমাদের সংবাদদাতারা দাখিল পরীক্ষা চলাকালে ব্যাপক নকলবাজি সম্পর্কে সংবাদ প্রেরণ করেছেন। ঢাকা বোর্ড থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী মাত্র ১০টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে নকলের অভিযোগে ৭৩৭ জন পরীক্ষার্থীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হয়। প্রাপ্ত তথ্য অনুযায়ী বহিষ্কারের জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপ ঃ

নারায়ণগঞ্জ ৪২, মুন্সিগঞ্জ ৭৮, ময়মনসিংহ ৬৯, জামালপুর ৯২, শেরপুর ৯০, ফরিদপুর ৯২, গোপালগঞ্জ ২৮, রাজবাড়ী ৪০, শরিয়তপুর ৬৯, নরসিংদী ৯৭ ও গাজীপুরে ২৩ জন। গাজীপুরে দাখিল পরীক্ষায় ৫ কেন্দ্রে ১৮ জন বহিষ্কৃত হয়েছে।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী বোর্ডের অধীন মাত্র ৭টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে নকলের অভিযোগে ১ হাজার ৫০ জন পরীক্ষার্থীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হয়। প্রাপ্ত তথ্য অনুযায়ী, বহিষ্কারের জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপ ঃ নওগাঁ ৫২, সিরাজগঞ্জ-১০৫, বগুড়া-৮১, পঞ্চগড়-৩৯, জয়পুরহাট-৬৫, দিনাজপুর-৫৭১ ও পাবনায়-১২৭ জন।

রাজশাহীতে এবারের এসএসসি পরীক্ষায় ১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

# নজিরবিহীন নকলের মধ্যে এসএসসি প্রথমদিনের পরীক্ষা অনুষ্ঠিত

প্রথম পৃষ্ঠার পর

নকলের হিড়িক পড়ে যায়। নকলের জন্য টেকনিক হ্যান্ড নোট নামে ৫ ইঞ্চি বাই ৬ ইঞ্চি সাইজের বিশেষ নোটবুক বাজারজাত করা হয়। ফটোকপির দোকানগুলোতেও ব্যাপক ভিড় ছিল।

চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম বোর্ডের অধীন ৫টি জেলার মধ্যে মাত্র ১টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে নকলের অভিযোগে ৪০৭ জন পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হয়। দাখিল পরীক্ষায় বহিষ্কারের সংখ্যা ৪৫ জন।

যশোর অফিস জানায়, যশোর বোর্ডের সকালের পরীক্ষায় ১৪টি জেলার কেন্দ্রসমূহ থেকে ২৫২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। একজন পরিদর্শককেও কর্তব্যে অবহেলার দায়ে বহিষ্কার করা হয়েছে। প্রাপ্ত তথ্যানুযায়ী, যশোর কেন্দ্রে ৪৩ জন, পটুয়াখালী কেন্দ্রে ৩ জন, বরগুনায় এসএসসি'র ৭ কেন্দ্রে ৩৭ জন ও দাখিলের ৫ কেন্দ্রে ২৯ জন, ভোলার এসএসসি'র ৭ কেন্দ্রে ৭৭ জন ও দাখিলের ৬ কেন্দ্রে ৩৯ জন, পিরোজপুরে ২০ জন, বরিশাল কেন্দ্রে ২ জন, ঝালকাঠি কেন্দ্রে ৯ জন, বাগেরহাট কেন্দ্রে ১৩ জন, খুলনা কেন্দ্রে ৩ জন, নড়াইল কেন্দ্রে ৪ জন, কুষ্টিয়া কেন্দ্রে ১৩ জন, চুয়াডাঙ্গা কেন্দ্রে ১০ জন এবং মেহেরপুর কেন্দ্রে ৪৩ জন বহিষ্কৃত হয়েছে। যশোরে দাখিল পরীক্ষায় মোট ৬৭ জনকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে।

কুমিল্লা সংবাদদাতার নিকট থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৯টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে নকলের অভিযোগে ২৩৮ জন পরীক্ষার্থীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হয়। প্রাপ্ত তথ্য অনুযায়ী বহিষ্কারের জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপ ঃ কুমিল্লা-৪৫, লক্ষ্মিপুর-১৮, ফেনী-২৪, নোয়াখালী-৩১, চাঁদপুর-৩৫, ব্রাহ্মণবাড়িয়া-১৭, সিলেট-২৮, সুনামগঞ্জ-১৭, হবিগঞ্জে-২২ জন।

দিনাজপুর অফিস জানায়, এসএসসি পরীক্ষা শুরুর সাথে সাথে ছিনতাইকারী থেকে ডেকোরেশন ব্যবসায়ী পর্যন্ত সাংবাদিক সেজেছে। নাম না জানা পত্রিকার কার্ড সর্বস্ব এসব সাংবাদিক গাড়ীর সামনে সংবাদপত্র লেখা লাগিয়ে হাতে ডায়েরী ও ঘাড়ে ক্যামেরা ঝুলিয়ে পরীক্ষা হলগুলোতে ঘন্টার পর ঘন্টা অবস্থান করছে। পরীক্ষা কেন্দ্রের সাথে সংশ্লিষ্ট একজন জানালেন, এরা সাংবাদিক পরিচয়ে কার্যতঃ অন্য ব্যবসা করছে। গতকাল ইংরেজী পরীক্ষার দিনে একটি নীল জীপ গাড়ীকে একটি পত্রিকার স্টিকার লাগিয়ে নির্দিষ্ট একটি কেন্দ্রে অবস্থান করতে দেখা গেছে। অথচ পরীক্ষা কেন্দ্রের ভিতরে ১ জন সাংবাদিকের দীর্ঘক্ষণ কি দেখার আছে, তা সকলের জানা।

এসএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল দিনাজপুর জেলা সদরের ৬টি কেন্দ্রসহ ১৩টি থানার কেন্দ্রসমূহে নকলের দায়ে সর্বমোট ৫৭১ জনকে বহিষ্কার করা হয়েছে। কোনো গোলযোগ না হলেও এবার পরীক্ষা কেন্দ্রগুলোর সামনে সকল সরবরাহকারীদের প্রচন্ড ভিড় ও বিশৃংখলা সৃষ্টির পাশাপাশি অধিকাংশ হলের ভেতর ফ্রি স্টাইলে নকল করার ঘটনার খবর পাওয়া গেছে।

নরসিংদী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, বেশীর ভাগ পরীক্ষা কেন্দ্রে ব্যাপক গণটোকাটুকির মধ্য দিয়ে জেলার ৩টি উপ-কেন্দ্রসহ ২০টি কেন্দ্র এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষা চলাকালে বিভিন্ন কেন্দ্রে নকল করার দায়ে ৯৭ জনকে বহিষ্কার করা হয়েছে। মাধবদি কেন্দ্রে কাঁটাতারের বেড়া ডিঙ্গিয়ে অবাঞ্ছিত লোকজনকে অবাধে নকল সরবরাহ করতে দেখা গেছে।

নীলফামারী জেলা সংবাদদাতা জানান, ৬টি থানার ১৪ কেন্দ্রে ১৯৫ জন এসএসসি পরীক্ষার্থী বহিষ্কার এবং একজন শিক্ষককে নকলে সহযোগিতার দায়ে গ্রেফতার করা হয়েছে। এছাড়া দাখিল পরীক্ষার পাঁচটি কেন্দ্রে ৪৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এদিকে নীলফামারী ও সৈয়দপুরে ৮১ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র না আসায় তারা এসএসসি পরীক্ষা অংশ নিতে পারেনি। এর মধ্যে নীলফামারীতে ৩১ জন এবং সৈয়দপুরের ৫০ জন। সৈয়দপুরের এই পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের বাড়ী ঘেরাও করে।

দাউদকান্দি থেকে স্টাফ রিপোর্টার জানান, এই থানার ৬টি পরীক্ষা কেন্দ্র থেকে মোট ৪২ জনকে নকলের দায়ে বহিষ্কার করা হয়। এর মধ্যে দাখিল পরীক্ষার কেন্দ্র রয়েছে ২টি। প্রতিটি কেন্দ্রের আশপাশেই ১৪৪ ধারা জারি থাকায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। অপর দিকে কুমিল্লার আরো ৩টি থানার পরীক্ষা কেন্দ্রগুলো থেকে ৪০ জনকে বহিষ্কারের খবর পাওয়া গেছে।

ফরিদপুর জেলা সদরের কেন্দ্রগুলোসহ বাকী ৭ থানার এসএসসি পরীক্ষার কেন্দ্রসমূহ থেকে নকল করার অপরাধে শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এছাড়া শরীয়তপুরে ৬৯ জন, রাজবাড়ীতে ৪০ জন এবং গোপালগঞ্জে ২৮ জন বহিষ্কৃত হয়েছে। এসব জেলার কেন্দ্রগুলোতে ব্যাপক গণটোকাটুকির খবর পাওয়া গেছে। কেন্দ্রগুলোর বাইরে নকল সরবরাহকারীদের প্রচুর ভিড়।

ব্রাহ্মণবাড়িয়া জেলা সংবাদদাতা জানান, জেলার ৭ কেন্দ্রে নকল করার অপরাধে মোট ৯৬ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ব্রাহ্মণবাড়িয়া সদরে ২৭ জন, আখাউড়ায় ৮ জন, কসবায় ২৭ জন, নবীনগরে ১৭ জন, সরাইলে ১০ জন, নাসিরনগরে ৩ জন এবং বাঞ্ছারামপুরে ৪ জন।

সাতক্ষীরা জেলা সংবাদদাতা জানান, এসএসসি ইংরেজী প্রথমপত্রের পরীক্ষায় জেলায় মোট ৩০ জন ছাত্র-ছাত্রী নকলের দায়ে বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে ২৬ জন ছাত্র এবং ৪ জন ছাত্রী। তালা কেন্দ্রে ১ জন ছাত্রীসহ ৭ জন, কুমিরা কেন্দ্রে ৩ জন ছাত্রীসহ ১৯ জন, সাতক্ষীরা সদরে ১ জন, আশাশুনি কেন্দ্রে ১ জন এবং কালিগঞ্জ কেন্দ্রে ৫ জন।